



৭ মার্চের ভাষণ বাজানো: হাইকোর্টে জামিন পেলেন ইমি



তাসনিম আফরোজ ইমি। ছবি: সংগৃহীত

ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচারকে কেন্দ্র করে দায়ের করা সন্ত্রাসবিরোধী আইনের মামলায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল সংসদের সাবেক সহসভাপতি (ভিপি) শেখ তাসনিম আফরোজ ইমিকে জামিন দিয়েছেন হাইকোর্ট।

বৃহস্পতিবার (৩০ এপ্রিল) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

মামলার বিবরণ অনুযায়ী, চলতি বছরের ৭ মার্চ রাত প্রায় সাড়ে ৯টার দিকে শাহবাগ থানার সামনে অবস্থান নিয়ে ইমি ও তার সঙ্গে থাকা কয়েকজন ঐতিহাসিক ভাষণটি মাইকে প্রচারের উদ্যোগ নেন। সে সময় রিকশায় করে ভাষণ বাজানোর সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষার্থী, ডাকসু ও জাতীয় ছাত্রশক্তির নেতাকর্মীরা এতে বাধা দেন।

পরিস্থিতি এক পর্যায়ে উত্তপ্ত হয়ে উঠলে ইমিসহ কয়েকজনকে জোরপূর্বক শাহবাগ থানার ভেতরে নেওয়া হয়। পরে পুলিশ তাদের আটক করে। পরদিন ইমিসহ তিনজনকে সন্ত্রাসবিরোধী আইনে করা একটি মামলায় গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো হয়। মামলাটি দায়ের করে পুলিশ নিজেই বাদী হিসেবে।